



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৩৮

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩০
১০ জুন ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তির রিপোর্ট দাখিল এবং সোনালী সেবার মাধ্যমে ক্রীড়া মঞ্জুরি ফি প্রদান প্রসঙ্গে

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের চূড়ান্ত রেজিস্ট্রেশন তালিকা Institute Panel-এ (institute.jessoreboard.gov.bd) দেয়া হয়েছে। চূড়ান্ত রেজিস্ট্রেশন তালিকা প্রিন্ট করে ভর্তি ফর্মের সাথে বিভাগ/বিষয়/ছবি মিলিয়ে দেখে শিক্ষার্থী কর্তৃক যাচাই করে শিক্ষার্থীদের স্বাক্ষর নিতে হবে।

শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষরিত চূড়ান্ত রেজিস্ট্রেশন তালিকা এবং শিক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট (বিভাগওয়ারি প্যাকেটকৃত) অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিজ হেফাজতে সংরক্ষণ করবেন। ১০-০৬-২০২৩ খ্রি. তারিখ হতে ১০-০৭-২০২৩ খ্রি. তারিখের মধ্যে institute.jessoreboard.gov.bd লিংক থেকে লগইন করে Eleven Class Admission Report-এ ভর্তি সংক্রান্ত রিপোর্ট সাবমিট করবেন। রিপোর্ট সাবমিটের সময় কলেজের ই-মেইল এড্রেস এবং বিকল্প মোবাইল নম্বর সঠিক আছে কিনা যাচাই করে দেখতে হবে। রিপোর্ট সাবমিটের পর বোর্ডের প্রাপ্য বার্ষিক ক্রীড়া মঞ্জুরি ফি (প্রতিষ্ঠান প্রতি ৩০০/-) অটোজেনারেটেড সোনালী সেবার রসিদে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে জমা দিতে হবে। ফি জমা হওয়ার পর একই প্যানেলে প্রবেশ করে একনলেজমেন্ট রিপোর্ট প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

১০-৬-২০২৩

মদন মোহন দাশ

কলেজ পরিদর্শক (চলতি দায়িত্ব)

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ইমেইল:

ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) ক্রীড়া অফিসার, ক্রীড়া শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

৪) একান্ত সচিব , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

৫) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর